

দেশের খবর



জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ বিশ্বের অন্যতম ক্ষতিগ্রস্ত দেশ সেমিনারে পরিবেশ ও বনমন্ত্রী

পরিবেশ ও বনমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, এন্টার্কটিকায় জমে থাকা বরফ গলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে গেলে বাংলাদেশ ক্ষতিগ্রস্ত হবে সবচেয়ে বেশি। জমে থাকা বরফ কিছুটা গলতে শুরু করেছে। এ বরফ আরও অধিকহারে গললে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে পাঁচ মিটার অর্থাৎ প্রায় ১৬ ফুট। ফলে সাগরে হারিয়ে যাবে সমুদ্রপৃষ্ঠ থেকে কম উচ্চতাসম্পন্ন বহু দেশ। বিশেষ করে মহাদেশীয় এলাকাতে অবস্থিত ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রগুলোর আর কোন অস্তিত্ব থাকবে না। ৩ এপ্রিল ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে Climate Change and Glacier Melting : Sharing Experience of Antarctica শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর অব স্টুডেন্ট এ্যাক্টিভিসম ড. জয়নাব এফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুন নিশাত। সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা ৫ ডিগ্রী সেলসিয়াস বাড়তে কয়েক শতাব্দী পর্যন্ত লেগে যাবে এমন মন্তব্য করেছেন ব্রাসেলসের ক্রাইমে ইউনিভার্সিটির গবেষক ফিলিপ হুইব্রেক্টস।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুন নিশাত সেমিনারে জলবায়ু পরিবর্তন নিয়ে বাংলাদেশের অবস্থান ব্যাখ্যা করেন এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় জাতীয় সংবিধানে এর অন্তর্ভুক্তির জন্য বাংলাদেশ সরকারসহ বর্তমান পরিবেশ ও বনমন্ত্রীর ভূমিকার প্রশংসা করেন। এন্টার্কটিকায় সফরকালে তোলা ভিডিও এবং স্থিরচিত্র প্রদর্শন করে পরিবেশমন্ত্রী জানান, তীব্র শীতল আবহাওয়ার কারণে পৃথিবীর একেবারে উত্তর ও দক্ষিণে অবস্থিত দুই মেরুর পুরোটাই বরফে আচ্ছাদিত এশিয়া, আফ্রিকা, উত্তর আমেরিকা এবং দক্ষিণ আমেরিকার পরই প্রায় সাড়ে পাঁচ মিলিয়ন বর্গমাইল আয়তনের দক্ষিণ মেরুর আকার। হাজার হাজার বছর ধরে এই এন্টার্কটিকায় বরফের পাহাড় জমে আছে। এ বরফের পুরুত্ব কোন কোন জায়গায় কয়েক কিলোমিটার পর্যন্ত।

মন্ত্রী বলেন, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তন ইস্যুতে যাঁরা কাজ করছেন, তাঁদের অনেকেই এই সফরে অংশগ্রহণ করায় বিশ্বব্যাপী বাংলাদেশের ঝুঁকির বিষয়টি বহুল প্রচারিত হয়েছে। আল গোরসহ বিশ্ব নেতৃবৃন্দ জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেছেন উল্লেখ করে মন্ত্রী জানান, আল গোর গত ৪ ফেব্রুয়ারি এন্টার্কটিকা থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে টেলিফোনে আলাপকালে বর্তমান সরকারের ভূমিকার প্রশংসা করেছেন।

সেমিনারে আরও বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র এভারেস্ট বিজয়ী মুসা ইব্রাহীম এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট এ্যাক্টিভিসমের ডিরেক্টর ড. জয়নাব এফ আলী। -বিজ্ঞপ্তি।